

## দ্বিতীয় ভারত মহাসাগরীয় সম্মেলনে পররাষ্ট্রমন্ত্রীর অংশগ্রহণ

পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজ ৩১ অগস্ট কলম্বোতে দ্বিতীয় ভারত মহাসাগরীয় সম্মেলনে অংশগ্রহণ করবেন। দু'দিন ব্যাপী এই সম্মেলনের যৌথ ভাবে আয়োজন করছে ইন্ডিয়া ফাউন্ডেশন, এস রাজারত্নমন স্কুল অব ইন্টারন্যাশনাল স্টাডিজ (আরএসআইএস) সিঙ্গাপুর এবং ন্যাশনাল ইন্সটিটিউট অব ফান্ডামেন্টাল স্টাডিজস (এনআইএফএস), কলম্বো। পররাষ্ট্রমন্ত্রী উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দেবেন। এ বছরের সম্মেলনের থিম— “শান্তি, অগ্রগতি সমৃদ্ধি” এবং এতে ৩৫টি বেশি দেশ অংশগ্রহণ করবে। প্রথম পর্বের ভারত মহাসাগরীয় সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল সিঙ্গাপুরে ২০১৬ সালের সেপ্টেম্বরে।

এই সফরকালে পররাষ্ট্রমন্ত্রী সাক্ষাৎ করবেন শ্রীলঙ্কার প্রেসিডেন্ট এবং প্রধানমন্ত্রীর সঙ্গে। এছাড়াও তিনি শ্রীলঙ্কার বিদেশমন্ত্রীর সঙ্গে পৃথক বৈঠক করবেন।

নয়াদিল্লি

অগস্ট ৩০, ২০১৭